

## কোম্পানীগুলোকে ভূয়া 'স্বাস্থ্য ও নিরাপত্তা' এজেন্সীদের ডাক- যোগাযোগকে আবর্জনা হিসাবে গণ্য করার জন্য সতর্ক করা হয়েছে - জানুয়ারী ২০০৫)

### (Companies warned to bin mailshot from fake 'Health and Safety' agencies - January 2005)

কোম্পানী ও অন্যান্য সংগঠনগুলোকে স্বাস্থ্য ও নিরাপত্তা আইন কানুন নিয়ন্ত্রণকারী হিসাবে পরিচয়দানকারী দুইটি প্রতিষ্ঠান থেকে পাওয়া খবরাখবর উপেক্ষা করার জন্য অনুরোধ করা হচ্ছে।

এইচএসই, দেশব্যাপী যে সব কোম্পানীকে স্বাস্থ্য ও নিরাপত্তা আইন মানার বিনিময়ে টাকা পয়সা পরিশোধের জন্য অনুরোধ পাঠানো হয়েছে তাদের কাছ থেকে অভিযোগ পেয়েছে।

একটি প্রতিষ্ঠান, ওয়েস্ট ইয়র্কশায়ার ভিত্তিক, নিজদেরকে Health and Safety Registration Enforcement Division (HSRED) নামে পরিচয়দানকারী, সারা গ্রেটব্রিটেনে কোম্পানীগুলোকে স্বাস্থ্য ও নিরাপত্তা আইন তাদের মান্য করা নিশ্চিত করার জন্য £199 J £249 এর মধ্যে বিভিন্ন পরিমাণ অর্থ চেয়ে চিঠি লিখেছে। এধরণের আরও চিঠির স্রোত থেকে এর শুরু, ২০০৪ সালের বসন্তকালে একই নাম ব্যবহার করে প্রথমে রচডেইলের ঠিকানা দিয়ে, কিন্তু বর্তমানে ব্রাডফোর্ডের একটি ঠিকানা ব্যবহার করে কোম্পানীগুলোকে চিঠি দেয়া হচ্ছে। আরেকটি ফার্ম নিজদেরকে Health and Safety Enforcement Agency (HSEA) নামে পরিচয় দিয়ে একই ২০০৪ সালের বসন্তে স্বাস্থ্য ও নিরাপত্তা আইন মান্যতা নিশ্চিতকল্পে সহায়ক সেবার প্যাক-এর বিনিময়ে £125 দাবী করে, এবং আবারো সম্প্রতি চিঠি দিয়ে যাচ্ছে।

যাঁরাই এদের যে কোনো কোম্পানী থেকে কাগজপত্র পাবেন তাঁরা তা উপেক্ষা করতে পারেন; এসব কোম্পানী থেকে কারো তথ্য/ কাগজপত্র বা সেবা ক্রয়ের কোনো আইনগত প্রয়োজনীয়তা নেই।

এই কোম্পানীরগুলোর কোনোটিই এইচএসই-র সাথে সম্পর্কিত নয়। সংগঠনসমূহকে এসব ফার্ম থেকে, অথবা যে কোনো কোম্পানী, যে এই ধরণের সেবা 'অফার' করছে, তাদের তরফ থেকে কোনো যোগাযোগের চেষ্টার ব্যাপারে খুবই সতর্ক থাকা উচিত। উভয় প্রতিষ্ঠান এমন বাক্য ব্যবহার করে যাতে ধারণা হয় তারা সরকারী আইন প্রয়োগকারী সংস্থা, কিন্তু তারা তা নয়। এইচএসই কখনও ঢালাওভাবে বিভিন্ন প্রতিষ্ঠানের কাছে বিভিন্ন সেবা যা আদৌ দেয়া হয়নি, তার জন্য অগ্রিম পেমেন্ট চেয়ে চিঠি দেয় না।

এই কোম্পানীগুলো উল্লেখযোগ্য পরিমাণ অর্থ চাচ্ছে, এই দাবী করে যে তারা তথ্যাদি পাঠাবে, যার বেশীরভাগই এইচএসই বিনামূল্যে দিয়ে থাকে। এইচএসই-র বৈধ স্বাস্থ্য ও নিরাপত্তাবিষয়ক Starter Pack এর শিরোনাম হচ্ছে Health and Safety Advice and Guidance for New and Small Businesses, ISBN 0 7176 2738, যা যে কোনো ব্যবসা প্রতিষ্ঠান HSE Books ([www.hsebooks.com](http://www.hsebooks.com)) থেকে পাবে, £30.00 মূল্যে। এই প্যাক-এ ব্যবসা প্রতিষ্ঠানগুলোর আইন মান্য করা ও তাদের কর্মীদের নিরাপত্তা রক্ষার জন্য সহায়ক প্রয়োজনীয় বেশীরভাগ মৌলিক স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক উপদেশ ও পরামর্শ রয়েছে। এতে আরো অন্তর্ভুক্ত আছে HSE Accident Book এবং স্বাস্থ্য ও নিরাপত্তা আইন পোস্টার, যা ব্যবসাপ্রতিষ্ঠানের এলাকার ভেতরে প্রদর্শন করা আইনগতভাবে বাধ্যতামূলক। আরো তথ্যাদি নিচের প্রদত্ত এইচএসই-ওয়েব সাইটে পাওয়া যাবে:

- **Starterpack**

এইচএসই ট্রেডিং স্ট্যান্ডার্ড অফিসগুলো ও পুলিশের সাথে যোগাযোগ রাখছে, যারা কোম্পানীগুলোর ব্যাপারে তদন্ত করছে। কেউ এই প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে কোনো কাগজপত্র পেলে এইচএসই-র **Infoline-H 0845 345 0055** নাম্বারে বা তাঁদের স্থানীয় এইচএসই অফিসে রিপোর্ট করুন।